

শ্রম কল্যাণ সম্মেলন-২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান

ঢাকায় সিরডাপ মিলনায়তনে আন্তর্জাতিক সম্মেলন কক্ষে ০৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ সকাল ১০টায় শ্রম কল্যাণ সম্মেলন-২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উদ্বোধনী করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন বর্তমান সরকারের অর্জনে অংশীদার আমাদের প্রবাসী বাংলাদেশি কর্মীরাও। তারা বিদেশে কর্মসংস্থান তৈরি ও রেমিটেন্স প্রেরণসহ দেশের সার্বিক উন্নয়নে অবদান রাখছে। তিনি আরও বলেন, শ্রম কল্যাণ উইং-এ দূর-দুরান্ত থেকে যে সকল কর্মীরা আপনাদের কাছে সেবা নিতে আসে তারা যেন হাসি মুখে সেবা নিয়ে কর্মস্থলে ফিরে যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। সেবা পেতে তাদের সময়, ভিজিট ও যাতায়াত খরচ (TVC) কমানোর দিকে সজাগ থাকবেন। কোন কর্মীই যেন সেবা না নিয়ে ফিরে যায় সেদিকেও খেয়াল রাখতে হবে।

প্রবাসী কল্যাণ মন্ত্রী বলেন, এক কোটির অধিক অভিবাসী বাংলাদেশি কর্মী এবং তাদের পরিবারভুক্ত আরও প্রায় পাঁচ কোটি মানুষের কল্যাণের স্বার্থে আপনারা (শ্রম কল্যাণ উইং এর কর্মকর্তা) সরাসরি যুক্ত। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডসহ অন্যান্য সকল কল্যাণমূলক সেবা ও সুযোগ-সুবিধার সহযোগিতা প্রদানে আপনাদেরকে সর্বদা কাজ করতে হবে। তিনি আরও বলেন, মনে রাখতে হবে আপনাদের মাধ্যমেই জননেত্রী শেখ হাসিনা'র স্বপ্ন প্রবাসী বাংলাদেশি এবং তাদের মাধ্যমে দেশবাসীর কাছে পৌঁছাতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী বিশ্ব অভিবাসন ও শরণার্থীদের সামনে থেকে নেতৃত্ব দিচ্ছেন। এজন্য তিনি মাদার অব হিউম্যানিটি'র (Mother of Humanity) বিশ্ব স্বীকৃতিও পেয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে ও দিক নির্দেশনায় সৌদি আরব, ওমান, কাতার, বাহরাইন, মালয়েশিয়ায় ব্যাপক কর্মী পাঠাতে সক্ষম হয়েছে। মন্ত্রী জাতির পিতার রূপায়ন ও মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়নে বাংলাদেশের মিশনের সকল সহকর্মীর এবং সকল প্রবাসীকে নিয়ে একযোগে কাজ করার আহ্বান জানান।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি'র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা এবং বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী। সভাপতির বক্তব্যে সচিব বলেন, শ্রম কল্যাণ উইংয়ের কর্মকর্তাদের বার্ষিক সম্মেলন নিয়মিত কার্যক্রম। তবে এবারের সম্মেলনটি ব্যতিক্রমী। আপনারা জানেন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ২টি প্রধান উদ্দেশ্য, প্রথমটি বৈদেশিক কর্মসংস্থান তৈরি করা এবং দ্বিতীয়টি প্রবাসী বাংলাদেশি কর্মীদের কল্যাণ নিশ্চিত করা। এ লক্ষ্যেই এবারের সম্মেলনের প্রতিপাদ্য ঠিক করা হয়েছে “টেকসই উন্নয়নের জন্য অভিবাসী কল্যাণ”। শ্রম কল্যাণ উইংয়ের কর্মকর্তাদের উদ্দেশ্যে বিভিন্ন বিষয় নির্বাচন এবং সে লক্ষ্যে রিসোর্স পার্সন নির্বাচন এমনভাবে করা হয়েছে যারা স্ব স্ব ক্ষেত্রে বিশেষজ্ঞ। অভিবাসন সেক্টরে তাদের অভিজ্ঞতা কাজে লাগানোর প্রয়াস নেয়া হয়েছে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান সচিব বলেন, বিশ্বের শ্রমবাজারে প্রতিনিয়ত পরিবর্তন ঘটছে। কিছু কিছু শ্রম বাজার যেমন সংকুচিত হচ্ছে আবার নতুন নতুন শ্রমবাজার সম্প্রসারিত হচ্ছে। এ সকল পরিস্থিতিতে শ্রম কল্যাণ উইংয়ের কর্মকর্তাদের কৌশল নির্ধারণে ধারণা প্রদান এ সম্মেলনের একটি অন্যতম উদ্দেশ্য। সফল শ্রম কুটনীতি দ্বারা অনেক সমস্যার সমাধান করা সম্ভব। এ মন্ত্রণালয় টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা ১০.৭ এর আলোকে ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। নিরাপদ, নিয়মিত, দায়িত্বশীল এবং স্বল্পব্যয়ে অভিবাসনে সকল সহায়তা দেয়ার বিষয়ে কর্মকর্তাদের অবহিত করা হবে। জাতিসংঘ সাধারণ পরিষদে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রস্তাবিত “গ্লোবাল কমপ্যাক্ট অন মাইগ্রেশন” বিষয়টি নিয়ে থাকবে বিষদ আলোচনা। এছাড়াও সুনির্দিষ্ট সেশন থাকবে পররাষ্ট্র নীতি অনুযায়ী সফল দ্বিপাক্ষিক আলোচনার কলাকৌশলের উপর। তিনি আরো বলেন, বৈধ পথে রেমিট্যান্স প্রেরণে কর্মীদেরকে সচেতন করা ও রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তাদের আলাদা সেশন রয়েছে। সুষ্ঠু অর্থনৈতিক ব্যবস্থাপনায় ও প্রশাসনে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে রয়েছে বিশেষ অধিবেশন। এবারের সম্মেলনে নারী কর্মীদের কল্যাণ, সুরক্ষা ও মর্যাদা নিশ্চিতের লক্ষ্যে পৃথক একটি সেমিনারের আয়োজন করা হয়েছে যেখানে উন্নয়ন সহযোগী সংগঠন, সিভিল সোসাইটি এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সরাসরি সম্পৃক্ত। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অর্ধদিবসের একটি ওয়ার্কশপের আয়োজন থাকবে। দূতাবাসগুলিতে কর্মকর্তাদের Team Building কলাকৌশল শিক্ষাদানই এই ওয়ার্কশপের উদ্দেশ্য। সর্বপরি আমরা মনে করছি এবারের সম্মেলনটি একটি যুগোপযোগী আয়োজন। ৪ থেকে ৮ ফেব্রুয়ারি পর্যন্ত পাঁচ দিন ব্যাপী শ্রম কল্যাণ সম্মেলন ২০১৮ তে ২৬টি দেশের ২৯টি শ্রম কল্যাণ উইংয়ের নতুন ৪জন সহ মোট ৪৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উর্দ্ধতন কর্মকর্তা এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।



